

NYC Health + Hospitals গোপনীয়তা অনুশীলনের নোটিশ

এই গোপনীয়তা অনুশীলনের নোটিশে (Notice of Privacy Practices, "NPP") কিভাবে আপনার চিকিৎসা সম্পর্কিত তথ্য এবং মাদক সেবনজনিত ব্যাধির (substance use disorder, SUD) চিকিৎসা সম্পর্কিত তথ্য ব্যবহার এবং প্রকাশ করা হতে পারে এবং আপনি কিভাবে এই তথ্যে অ্যাক্সেস পেতে পারেন; আপনার স্বাস্থ্য তথ্যের ক্ষেত্রে আপনার অধিকার; আপনার স্বাস্থ্য তথ্যের গোপনীয়তা বা সুরক্ষা লঙ্ঘনের বিষয়ে কিভাবে অভিযোগ দায়ের করবেন; অথবা আপনার তথ্য সম্পর্কিত আপনার অধিকার এবং আপনি কিভাবে এই তথ্যে অ্যাক্সেস পেতে পারেন তার বিবরণ রয়েছে।

আপনার এই নোটিশের একটি কপি কাগজে বা ইলেকট্রনিক আকারে পাওয়ার এবং কর্পোরেট কমপ্লায়েন্স অফিসের কর্পোরেট গোপনীয়তা এবং নিরাপত্তা কর্মকর্তার সাথে CPO@nychhc.org ঠিকানায় ইমেলের মাধ্যমে আলোচনা করার অধিকার রয়েছে।

দয়া করে এটি সাবধানে পর্যালোচনা করুন।

ভূমিকা এবং তথ্য

New York City Health and Hospitals Corporation, যা "NYC Health + Hospitals" বা "সিস্টেম" নামেও উল্লেখ করা হয়, ফেডারেল আইনের অধীনে, বিশেষ করে 1996 সালের স্বাস্থ্য বীমা বহনযোগ্যতা এবং জবাবদিহিতা আইন (Health Insurance Portability and Accountability, "HIPAA") এবং 42 CFR (ফেডারেল রেগুলেশন কোডের [Code of Federal Regulations, CFR] শিরোনাম 42) এর পার্ট 2 এর অধীনে, আপনার সুরক্ষিত স্বাস্থ্য তথ্যের গোপনীয়তা বজায় রাখা বাধ্যতামূলক, যার মধ্যে রয়েছে আপনাকে এর আইনি কর্তব্য এবং গোপনীয়তা অনুশীলনের নোটিশ প্রদান করা, যার মধ্যে রয়েছে অসুরক্ষিত রেকর্ড লঙ্ঘনের ক্ষেত্রে আপনাকে অবহিত করার দায়িত্ব এবং আপনার সম্পর্কে আমরা যে ধরনের তথ্য সংগ্রহ করি, সেই তথ্য কার সাথে শেয়ার করা হতে পারে এবং আপনার অধিকারের বিবরণ। এই NPP-তে আপনার গোপনীয়তা সুরক্ষা এবং HIPAA এবং 42 CFR পার্ট 2 এর অধীনে আপনার স্বাস্থ্য তথ্য সম্পর্কিত অন্যান্য অধিকারের বিবরণ রয়েছে। এই NPP-তে বর্ণিত হয়নি এমন অন্যান্য ফেডারেল আইন এবং/অথবা স্টেটের আইনের অধীনে আপনাকে অতিরিক্ত সুরক্ষা এবং অধিকার প্রদান করা হতে পারে। এই সিস্টেমকে বর্তমানে কার্যকর নোটিশের শর্তাবলী অনুসরণ করতে হবে।

এই NPP-তে ব্যবহৃত "স্বাস্থ্য তথ্য" পরিভাষাটি সিস্টেম দ্বারা তৈরি, গ্রহণ, রক্ষণাবেক্ষণ বা প্রেরণ করা যেকোনো স্বতন্ত্রভাবে সনাক্তযোগ্য তথ্যকে বোঝায় এবং যা আপনার স্বাস্থ্যসেবা এবং চিকিৎসা, এবং এই ধরনের যত্ন এবং চিকিৎসার জন্য অর্থ প্রদানের সাথে সম্পর্কিত।

এই NPP-তে ব্যবহৃত মাদক সেবনজনিত ব্যাধির (SUD) চিকিৎসার তথ্য এমন স্বাস্থ্য তথ্য যা ফেডারেল প্রবিধানের অধীনে অতিরিক্ত সুরক্ষা পায় (42 CFR পার্ট 2)।

এই NPP-তে বর্ণিত হয়নি এমন অতিরিক্ত গোপনীয়তা সুরক্ষা HIV-সম্পর্কিত স্বাস্থ্য তথ্য, মানসিক স্বাস্থ্য তথ্য এবং জেনেটিক বা জেনেটিক টেস্টিং সংক্রান্ত তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে।

NYC Health + Hospitals-এর সব কেন্দ্র, ইউনিট এবং সত্তাগুলিতে অনুসরণ করা আবশ্যিক এমন গোপনীয়তা অনুশীলনগুলির বিবরণ এই NPP-তে রয়েছে, যার মধ্যে রয়েছে সমস্ত জরুরি সেবার হাসপাতাল এবং সংশ্লিষ্ট ক্লিনিক; Gotham Health-এর সব ডায়াগনস্টিক এবং চিকিৎসা কেন্দ্র এবং সংশ্লিষ্ট নেবারহুড হেলথ সেন্টার (Neighborhood Health Centers); সব দীর্ঘমেয়াদি জরুরি সেবা কেন্দ্র এবং দক্ষ নার্সিং কেন্দ্র; এবং গৃহ ও কমিউনিটি-ভিত্তিক সব পরিষেবা এবং কর্মসূচি।

NYC Health + Hospitals এই NPP সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। NYC Health + Hospitals ইতিমধ্যেই রক্ষিত স্বাস্থ্য তথ্য এবং SUD চিকিৎসার তথ্যের পাশাপাশি ভবিষ্যতে প্রাপ্ত যেকোনো স্বাস্থ্য তথ্য এবং SUD চিকিৎসার তথ্যের জন্য সংশোধিত NPP কার্যকর করার অধিকার সংরক্ষণ করে। NYC Health + Hospitals বর্তমান NPP-এর একটি কপি (কার্যকরের তারিখ সহ) তার কেন্দ্র, ইউনিট এবং সত্তার সুস্পষ্ট স্থানে এবং তার পাবলিক ওয়েবসাইটে পোস্ট করবে।

চিকিৎসা, পেমেন্ট এবং স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ

চিকিৎসা। এই সিস্টেম আপনাকে মেডিকেল চিকিৎসা, যত্ন বা পরিষেবা প্রদানের জন্য আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে, এবং আপনার স্বাস্থ্য তথ্য স্বাস্থ্যসেবা প্রদানকারী বা আপনার যত্নের সাথে জড়িত অন্যান্য কর্মী সদস্যদের কাছে প্রকাশ করতে পারে। একটি হাসপাতালের বিভিন্ন বিভাগও আপনার স্বাস্থ্য তথ্য শেয়ার করতে পারে যাতে আপনার প্রয়োজনীয় বিভিন্ন স্বাস্থ্যসেবা পরিষেবা, যেমন প্রেসক্রিপশন, ল্যাব ওয়ার্ক এবং এক্স-রে, সমন্বয় করা যায়। প্রয়োজনে, সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য সিস্টেমের বাইরের ব্যক্তিদের কাছেও প্রকাশ করতে পারে যারা আপনার যত্নের সাথে জড়িত থাকতে পারে। *উদাহরণস্বরূপ: আপনার ভাঙা পায়ের চিকিৎসা করছেন এমন একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর অন্য একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে থেকে জানতে হবে যে আপনার ডায়াবেটিস আছে কিনা কারণ ডায়াবেটিস নিরাময় প্রক্রিয়াকে ধীর করে দিতে পারে এবং এর উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা প্রয়োজন।*

পেমেন্ট। আপনার স্বাস্থ্যসেবা পরিষেবা এবং চিকিৎসার পেমেন্ট সংগ্রহের জন্য এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে। এই সিস্টেম আপনার চিকিৎসা বা প্রক্রিয়া সম্পর্কে স্বাস্থ্য তথ্য ব্যবহার করতে পারে এবং আপনার স্বাস্থ্য প্ল্যানের কাছে প্রকাশ করতে পারে, যাতে পূর্ব অনুমোদন পাওয়া যায় অথবা আপনার প্ল্যান এটি কভার করবে কিনা তা নির্ধারণ করা যায়। আপনার দ্বারা সম্পূর্ণ পেমেন্ট করা স্বাস্থ্যসেবা বা পরিষেবার জন্য, আপনি সিস্টেমকে আপনার বীমা কোম্পানির সাথে শেয়ার করা স্বাস্থ্য তথ্য আইনে অনুমোদিত পরিমাণে সীমিত করার অনুরোধ করতে পারেন। *উদাহরণস্বরূপ: NYC Health + Hospitals-এ আপনার করানো অস্বোপচার প্রক্রিয়া সম্পর্কে সিস্টেম আপনার হেলথ প্ল্যানকে তথ্য দিতে হতে পারে যাতে আপনার হেলথ প্ল্যান সিস্টেমকে পেমেন্ট করতে পারে অথবা এই ধরনের প্রক্রিয়ার জন্য আপনাকে ব্যয়পরিশোধ করতে পারে।*

স্বাস্থ্যসেবা কার্যক্রম। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে প্রতিদিনের ভিত্তিতে কার্যপরিচালনা করা এবং NYC Health + Hospitals-এর রোগীদের মানসম্পন্ন সেবা নিশ্চিত করার জন্য। প্রদত্ত পরিষেবার কার্যকারিতা এবং প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য পরিসংখ্যান বা বিশ্লেষণ পরিচালনা করার জন্যেও এই সিস্টেম অনেক রোগীর স্বাস্থ্য তথ্য একত্রিত করতে পারে। প্রয়োজনে, এই সিস্টেম চুক্তিবদ্ধ হিসাবরক্ষক, পরামর্শদাতা এবং অন্যান্য পেশাদারদের কাছেও স্বাস্থ্য তথ্য প্রকাশ করতে পারে যারা বিভিন্ন প্রোগ্রাম, সত্তা এবং কেন্দ্রগুলির কার্যক্রমে সহায়তা করে থাকে। *উদাহরণস্বরূপ: এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার করে তাদের প্রদত্ত চিকিৎসা এবং পরিষেবার মান পর্যালোচনা করতে পারে।*

অ্যাপয়েন্টমেন্টের রিমাইন্ডার। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে আপনার সাথে যোগাযোগ করার জন্য, যাতে আপনার কোনও কেন্দ্র, ইউনিট বা সত্তায় অ্যাপয়েন্টমেন্ট থাকলে তা স্মরণ করিয়ে দেওয়া যায়।

বিঃদ্রঃ চিকিৎসা, পেমেণ্ট এবং স্বাস্থ্যসেবা কার্যক্রমের উদ্দেশ্যে SUD চিকিৎসার তথ্য প্রকাশের জন্য লিখিত সম্মতি প্রয়োজন।

অনুমোদনের প্রয়োজন হলে স্বাস্থ্য তথ্যের ব্যবহার এবং প্রকাশ

নিম্নলিখিত পরিস্থিতিতে আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার বা প্রকাশ করার আগে NYC Health + Hospitals-কে অবশ্যই আপনার লিখিত অনুমোদন নিতে হবে:

মার্কেটিং। আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার করে কোনও পণ্য বা পরিষেবা ক্রয় বা ব্যবহার সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করার আগে সিস্টেমকে অবশ্যই আপনার লিখিত অনুমোদন নিতে হবে, যদি না যোগাযোগটি আপনার এবং সিস্টেমের মধ্যে মুখোমুখি হয়, অথবা সিস্টেম কর্তৃক আপনাকে দেওয়ার জন্য নামমাত্র মূল্যের একটি প্রচারমূলক উপহার থাকে। তবে, নিম্নলিখিত পরিস্থিতিতে অগ্রিম লিখিত অনুমোদনের প্রয়োজন হয় না, যদি না সিস্টেম আপনার সাথে যোগাযোগের বিনিময়ে তৃতীয় পক্ষের কাছ থেকে পেমেণ্ট পেয়ে থাকে: (i) স্বাস্থ্য-সম্পর্কিত সুবিধা এবং পরিষেবা; (ii) ওষুধের তথ্য; এবং (iii) চিকিৎসার বিকল্প।

স্বাস্থ্য তথ্য বিক্রয়। লিখিত অনুমোদন ছাড়া NYC Health + Hospitals আপনার স্বাস্থ্য তথ্য বিক্রি করবে না।

স্বাস্থ্য তথ্যের ব্যবহার ও প্রকাশ, যেসব ক্ষেত্রে অনুমোদন প্রয়োজন হয় না

নিচের পরিস্থিতিতে আপনার স্বাস্থ্য তথ্য প্রকাশ করার আগে NYC Health + Hospitals-এর আপনার লিখিত অনুমোদন নেওয়ার প্রয়োজন নেই।

বিঃদ্রঃ নিচের পরিস্থিতিতে SUD চিকিৎসার তথ্য ব্যবহার এবং প্রকাশের জন্য 42 CFR পার্ট 2 এর অধীনে আপনার লিখিত সম্মতির প্রয়োজন হতে পারে।

কেন্দ্রের ডিরেক্টরি। আপনি হাসপাতালে ভর্তি থাকার সময়, এই সিস্টেম হাসপাতালের কেন্দ্রের ডিরেক্টরিতে আপনার সম্পর্কে কিছু স্বাস্থ্য তথ্য ব্যবহার করতে পারে। এই স্বাস্থ্য তথ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে আপনার নাম, কেন্দ্রে আপনার অবস্থান, আপনার সাধারণ অবস্থা এবং আপনার ধর্মীয় বিষয়। *বিঃদ্রঃ* শুধুমাত্র ধর্মীয় নেতা বা ধর্মীয় কর্মী সদস্যদেরকে আপনার ধর্মীয় সম্পৃক্ততা সম্পর্কে জানানো হবে। যদি আপনি চান যে এই সিস্টেম এই স্বাস্থ্য তথ্যটি কেন্দ্রের ডিরেক্টরিতে অন্তর্ভুক্ত না করুক, তাহলে আপনার এই তথ্য অন্তর্ভুক্ত করার বিরুদ্ধে আপত্তি জানানোর অধিকার আছে এবং আপনি কেন্দ্রের ভর্তি বা স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে যোগাযোগ করে তা করতে পারেন।

তহবিল সংগ্রহ কার্যক্রম। সিস্টেমের কেন্দ্র এবং স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য তহবিল সংগ্রহের উদ্দেশ্যে আপনার সাথে যোগাযোগ করার জন্য সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারে। NYC Health + Hospitals একই উদ্দেশ্যে আপনার স্বাস্থ্য তথ্য সিস্টেম-সংশ্লিষ্ট ফাউন্ডেশন বা ব্যবসায়িক সহযোগীর সাথেও শেয়ার করতে পারে। এই ধরনের যোগাযোগ বন্ধ করতে, আপনি optoutforfundraising@nychhc.org ঠিকানায় একটি লিখিত অনুরোধ ইমেইল করতে পারেন। তহবিল সংগ্রহের বিষয়ে যোগাযোগ না পাওয়ার সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনাকে চিকিৎসা, অথবা অন্য কোনও সুবিধা বা পরিষেবা থেকে বঞ্চিত করা যাবে না।

গবেষণা। আপনি যদি কোনও ক্লিনিকাল ট্রায়ালে অংশগ্রহণ করেন, তাহলে NYC Health + Hospitals আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার বা শেয়ার করার আগে আপনার লিখিত অনুমতি চাইবে। কিছু পরিস্থিতিতে, সিস্টেম আপনার গোপনীয়তার জন্য ন্যূনতম ঝুঁকি নিশ্চিত করে এমন একটি বিশেষ অনুমোদন প্রক্রিয়া পরিচালনা করার পরে, আপনার লিখিত অনুমতি ছাড়াই আপনার স্বাস্থ্য তথ্য গবেষণার জন্য ব্যবহার করতে পারে। কোনও অবস্থাতেই কোনও গবেষক গবেষণার প্রস্তুতির সময়, গবেষণা চলাকালীন বা গবেষণা শেষ হওয়ার পরে আপনার নাম বা পরিচয় জনসম্মুখে প্রকাশ করবেন না।

আপনার যত্নের সাথে জড়িত ব্যক্তিবর্গ অথবা আপনার যত্নের জন্য পেমেন্ট। যদি আপনি আপত্তি না করেন, তাহলে সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য আপনার পরিবারের সদস্য বা বন্ধু যিনি আপনার যত্ন বা আপনার যত্নের জন্য পেমেন্টের সাথে জড়িত তার কাছে প্রকাশ করতে পারে।

আপনার পক্ষে কাজ করতে পারে এমন ব্যক্তিবর্গ। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য একজন ব্যক্তিগত প্রতিনিধির কাছে প্রকাশ করতে পারে, যার মধ্যে একজন পিতামাতা বা অভিভাবকও অন্তর্ভুক্ত রয়েছে।

স্বাস্থ্য বা নিরাপত্তার জন্য গুরুতর হুমকি এড়াতে। আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা অথবা জনসাধারণের বা অন্য কোনও ব্যক্তির স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য গুরুতর হুমকি রোধ করার জন্য, প্রয়োজনে এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে।

মিলিটারি ও ভেটেরান। আপনি যদি সশস্ত্র বাহিনীর সদস্য হন, তাহলে সামরিক কমান্ড কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে এই সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে।

শ্রমিকদের ক্ষতিপূরণ। এই সিস্টেম আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য শ্রমিক ক্ষতিপূরণ বোর্ড বা প্রয়োজনে অনুরূপ প্রোগ্রামগুলির কাছে প্রকাশ করতে পারে।

জনস্বাস্থ্য কার্যক্রম। এই সিস্টেম জনস্বাস্থ্যের উদ্দেশ্যে আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে, যেমন রোগের বিস্তার রোধ করা, অথবা নির্দিষ্ট কিছু মেডিকেল অবস্থা, জন্ম, মৃত্যু, নির্যাতন, অবহেলা এবং পারিবারিক সহিংসতার রিপোর্ট পাওয়ার জন্য।

স্বাস্থ্য তদারকি কার্যক্রম। এই সিস্টেম আইন দ্বারা অনুমোদিত কার্যকলাপের জন্য, যার মধ্যে নিরীক্ষা, তদন্ত এবং পরিদর্শন অন্তর্ভুক্ত রয়েছে, আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং একটি স্বাস্থ্য তদারকি এজেন্সির কাছে প্রকাশ করতে পারে।

আইনি কার্যক্রম। যদি আপনি কোনো মামলা বা আইনি বিরোধে জড়িত থাকেন, তাহলে আদালত বা প্রশাসনিক আদেশের প্রতিক্রিয়ায় সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য প্রকাশ করতে পারে। এছাড়াও এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য বিবাদের সাথে জড়িত অন্য কারোর করা সমন, অনুসন্ধানের অনুরোধ, বা অন্যান্য আইনি প্রক্রিয়ার জবাব হিসেবে প্রকাশ করতে পারে, তবে শুধুমাত্র যদি অনুরোধ সম্পর্কে আপনাকে জানানোর চেষ্টা করা হয় অথবা অনুরোধকৃত তথ্য সুরক্ষিত রাখার জন্য একটি আদেশ পাওয়ার চেষ্টা করা হয়।

আইনের প্রয়োগ। আইন প্রয়োগের উদ্দেশ্যে এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে: (i) সন্দেহভাজন, পলাতক, বস্তুগত সাক্ষী, বা নিখোঁজ ব্যক্তিকে সনাক্ত বা অবস্থান নির্ণয় করার জন্য; (ii) অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের সাথে সম্পর্কিত পরিস্থিতিতে; (iii) মৃত্যুর ক্ষেত্রে যা আমরা বিশ্বাস করি যে অপরাধমূলক আচরণের ফলাফল হতে পারে; (iv) NYC Health + Hospitals এর কোনো কেন্দ্রে সংঘটিত অপরাধের ক্ষেত্রে; এবং (v) জরুরি পরিস্থিতিতে অপরাধের রিপোর্ট করা, অপরাধ বা ভুক্তভোগীদের অবস্থান, অথবা অপরাধকারী ব্যক্তির পরিচয়, বিবরণ, বা অবস্থান সম্পর্কে রিপোর্ট করার জন্য।

মৃত্যু। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে যাতে আপনার পক্ষে কাজ করার কর্তৃত্ব রয়েছে এমন ব্যক্তিদেরকে, ব্যক্তিগত প্রতিনিধিদেরকে, অথবা আপনার যত্নের সাথে জড়িত অন্য কোনও ব্যক্তিকে আপনার মৃত্যুর বিষয়ে অবহিত করা যায়, অথবা তাদের অবস্থান সনাক্তকরণে সহায়তা করা যায়, যদি না তা করা আপনার লিখিতভাবে প্রকাশ করা পূর্বের পছন্দ বা নির্দেশের সাথে অসঙ্গতিপূর্ণ হয়।

করোনার, মেডিকেল পরীক্ষকগণ, অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকগণ এবং অঙ্গদান। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য করোনার, মেডিকেল পরীক্ষক, অথবা অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকের কাছে প্রয়োজন অনুসারে তাদের দায়িত্ব পালনের জন্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে। অঙ্গ, চোখ এবং টিস্যু দানের উদ্দেশ্যেও এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারে।

দুর্যোগে ত্রাণ। আপনার পরিবারের সদস্য, নিকটাত্মীয়, ব্যক্তিগত প্রতিনিধি, অথবা আপনার যত্নের জন্য দায়িত্বপ্রাপ্ত অন্যদের কাছে নোটিশ পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে, এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার এবং আইন দ্বারা অনুমোদিত বা অন্য কোনও কর্তৃপক্ষের কাছে প্রকাশ করতে পারে, যা দুর্যোগে ত্রাণ প্রচেষ্টায় সহায়তা করবে।

জাতীয় নিরাপত্তা এবং গোয়েন্দা কার্যক্রম। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য গোয়েন্দা, পাল্টা গোয়েন্দা এবং আইন দ্বারা অনুমোদিত অন্যান্য জাতীয় নিরাপত্তা কার্যক্রমের জন্য অনুমোদিত ফেডারেল কর্মকর্তাদের কাছে প্রকাশ করতে পারে।

রাষ্ট্রপতি এবং অন্যান্যদের জন্য সুরক্ষামূলক পরিষেবা। এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্য অনুমোদিত ফেডারেল কর্মকর্তাদের কাছে প্রকাশ করতে পারে যাতে তারা রাষ্ট্রপতি, অন্যান্য অনুমোদিত ব্যক্তি, বিদেশী রাষ্ট্রপ্রধানদের সুরক্ষা প্রদান করতে পারে, অথবা বিশেষ তদন্ত পরিচালনা করতে পারে।

SUD চিকিৎসার তথ্যের জন্য বিশেষ গোপনীয়তা সুরক্ষা

SUD চিকিৎসার তথ্যের জন্য 42 CFR পার্ট 2 এর অধীনে অতিরিক্ত গোপনীয়তা সুরক্ষা রয়েছে, যা সিস্টেম আপনার SUD চিকিৎসার তথ্য কিভাবে ব্যবহার বা প্রকাশ করে তা সীমিত করে। আপনি যদি সম্মতি ফর্মে স্বাক্ষর না করেন, তাহলে এই সিস্টেম কেবলমাত্র 42 CFR পার্ট 2 দ্বারা অনুমোদিত সীমিত পরিস্থিতিতে আপনার SUD চিকিৎসার তথ্য প্রকাশ করতে পারে। 42 CFR পার্ট 2 দ্বারা অনুমোদিত কোনও মেডিকেল জরুরি অবস্থা বা বিশেষ পরিস্থিতিতে আপনার লিখিত সম্মতি ছাড়াই এই সিস্টেম আপনার SUD চিকিৎসার রেকর্ড ব্যবহার বা প্রকাশ করার অনুমতি পেতে পারে।

ব্যবহার এবং প্রকাশের জন্য সম্মতি। ভবিষ্যতের সকল SUD চিকিৎসার তথ্য ব্যবহার এবং চিকিৎসা, পেমেন্ট এবং স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য প্রকাশের জন্য একটি একক লিখিত সম্মতি ব্যবহার করা যেতে পারে। আপনার সম্মতিক্রমে চিকিৎসা, অর্থপ্রদান এবং স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য পার্ট 2 প্রোগ্রাম, কভারকৃত সত্তা, বা ব্যবসায়িক সহযোগীর কাছে প্রকাশ করা SUD চিকিৎসার রেকর্ডগুলি, HIPAA প্রবিধানগুলি যতদূর অনুমতি দেয়, আপনার লিখিত সম্মতি ছাড়াই, সেই পার্ট 2 প্রোগ্রাম, আওতাভুক্ত সত্তা, বা ব্যবসায়িক সহযোগী দ্বারা আরও প্রকাশ করা যেতে পারে।

নিষিদ্ধ ব্যবহার এবং প্রকাশ। নির্দিষ্ট লিখিত সম্মতি বা সমন সহ আদালতের আদেশ ছাড়া আপনার বিরুদ্ধে কোনও দেওয়ানি, প্রশাসনিক, ফৌজদারি বা আইন প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমে সিস্টেম আপনার SUD চিকিৎসার তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারবে না। SUD চিকিৎসার তথ্য শুধুমাত্র আদালতের আদেশের ভিত্তিতে ব্যবহার বা প্রকাশ করা হবে, আপনাকে বা সিস্টেমকে অবহিত করার পরে এবং আদালতে শুনানির সুযোগ দেয়ার পরে।

তহবিল সংগ্রহের জন্য প্রকাশ। যদি আপনাকে তহবিল সংগ্রহ সংক্রান্ত যোগাযোগ না পাওয়ার সিদ্ধান্ত নেওয়ার জন্য পরিষ্কার এবং স্পষ্ট সুযোগ দেওয়া হয়, তাহলেই কেবল এই সিস্টেম পার্ট 2 প্রোগ্রামের সুবিধার উদ্দেশ্যে তহবিল সংগ্রহের জন্য SUD চিকিৎসার রেকর্ড ব্যবহার বা প্রকাশ করতে পারে। আপনার তহবিল সংগ্রহের যোগাযোগ না পাওয়ার অপশন বেছে নেওয়ার অধিকার আছে।

এই বিজ্ঞপ্তিতে বর্ণিত নয় এমন SUD চিকিৎসার তথ্যের ব্যবহার এবং প্রকাশ শুধুমাত্র আপনার লিখিত সম্মতিতেই করা হবে। 42 CFR পার্ট 2 এর অধীনে অনুমোদিত হলে, লিখিত সম্মতি ছাড়াই SUD চিকিৎসার তথ্যের ব্যবহার এবং প্রকাশ করা যেতে পারে।

আপনার স্বাস্থ্য তথ্য সম্পর্কিত অধিকার

সিস্টেম আপনার সম্পর্কে যে স্বাস্থ্য তথ্য সংরক্ষণ করে সে সম্পর্কে আপনার নিম্নলিখিত অধিকার রয়েছে:

প্রবেশাধিকার এবং কপি করার অধিকার। আপনার স্বাস্থ্য তথ্যের অ্যাক্সেস এবং একটি কপি পাওয়ার অনুরোধ করার অধিকার আপনার আছে, সাইকোথেরাপি নোট এবং চলমান ক্লিনিক্যাল গবেষণা ট্রায়াল সম্পর্কিত তথ্য ব্যতীত। আপনার পছন্দের ফর্ম্যাটে আপনার মেডিকেল রেকর্ডের কপির অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনার স্বাস্থ্য তথ্যের একটি কপি পেতে বা অনুরোধ করতে অনুগ্রহ করে কেন্দ্র বা সত্তার স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা বিভাগে লিখিতভাবে আপনার অনুরোধ জমা দিন। সীমিত পরিস্থিতিতে, এই সিস্টেম আপনার স্বাস্থ্য তথ্যের অ্যাক্সেস অস্বীকার করার অধিকার সংরক্ষণ করে, এবং যদি তাই হয়, তাহলে আপনাকে অস্বীকারের জন্য একটি লিখিত ব্যাখ্যা প্রদান করবে, সেই সাথে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার আপিল করার অধিকার সম্পর্কে আপনাকে জানাবে। মেডিকেল রেকর্ডের কপি তৈরির খরচ মেটাতে এই সিস্টেম যুক্তিসঙ্গত ফি আরোপ করতে পারে। যদি কোনও কারণে অনুরোধকৃত স্বাস্থ্য তথ্য বিলম্বিত হয়, অথবা অনুরোধকৃত ফর্ম্যাটে অনুরোধকৃত স্বাস্থ্য তথ্য সরবরাহ করা না যায়, তাহলে অনুরোধকৃত তথ্য পাঠানোর আগে সিস্টেম আপনাকে প্রত্যাশিত ফি সম্পর্কে লিখিতভাবে অবহিত করতে হবে।

সংশোধনের অধিকার। যদি আপনার মনে হয় যে সিস্টেম কর্তৃক সংরক্ষিত আপনার স্বাস্থ্য তথ্য ভুল বা অসম্পূর্ণ, তাহলে আপনার অধিকার আছে যে সিস্টেম যতক্ষণ পর্যন্ত তথ্যটি সংরক্ষণ করে বা সিস্টেমের জন্য সংরক্ষণ করে ততক্ষণ পর্যন্ত আপনি আপনার স্বাস্থ্য তথ্য সংশোধন করার জন্য অনুরোধ করতে পারবেন। আপনার স্বাস্থ্য তথ্য সংশোধনের অনুরোধ করতে, অনুগ্রহ করে কেন্দ্র বা সত্তার স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা বিভাগে লিখিতভাবে আপনার অনুরোধ জমা দিন। সংশোধনের জন্য আপনার অনুরোধকে সমর্থন করার জন্য আপনাকে অবশ্যই একটি কারণ প্রদান করতে হবে। সীমিত পরিস্থিতিতে সিস্টেম আপনার অনুরোধ প্রত্যাখ্যান করতে পারে। যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, তাহলে কেন এটি প্রত্যাখ্যান করা হয়েছে তার একটি লিখিত ব্যাখ্যা সিস্টেম অবশ্যই আপনাকে দিতে হবে।

তথ্য প্রকাশের তালিকা পাওয়ার অধিকার। আপনার "প্রকাশের তালিকা" সম্পর্কে অনুরোধ করার অধিকার আছে, যেখানে সিস্টেম কিভাবে আপনার স্বাস্থ্য তথ্য প্রকাশ করেছে তা তালিকাভুক্ত করা হয়েছে। তালিকায় কিছু প্রকাশ অন্তর্ভুক্ত থাকবে না, যেমন আপনার চিকিৎসা, পেমেন্ট, বা স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য শেয়ার করা তথ্য, অথবা আপনার অনুমোদন অনুযায়ী করা প্রকাশ। প্রকাশের তালিকার জন্য অনুরোধ করতে অনুগ্রহ করে কেন্দ্র বা সত্তার স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা বিভাগে লিখিতভাবে আপনার অনুরোধ জমা দিন। আপনার অনুরোধে তথ্য প্রকাশের একটি সময়কাল অবশ্যই উল্লেখ থাকতে হবে, যা 6 বছরের বেশি হতে পারবে না এবং 14 এপ্রিল, 2003-এর আগের কোনো তারিখ অন্তর্ভুক্ত করা যাবে না। 12 মাসের একটি সময়কালে আপনার অনুরোধ করা প্রথম তালিকাটি বিনামূল্যে পাওয়া যাবে। অতিরিক্ত তালিকার জন্য, সিস্টেম যুক্তিসঙ্গত ফি নিতে পারে।

বিধিনিষেধের অনুরোধ করার অধিকার। চিকিৎসা, পেমেন্ট, বা স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য সিস্টেম যে স্বাস্থ্য তথ্য ব্যবহার বা প্রকাশ করে, তার উপর বিধিনিষেধ আরোপের অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনার যত্নের সাথে জড়িত কারো কাছে, যেমন পরিবারের সদস্য বা বন্ধুর কাছে সিস্টেম আপনার সম্পর্কে যে স্বাস্থ্য তথ্য প্রকাশ করে তার সীমা নির্ধারণের জন্য অনুরোধ করার অধিকারও আপনার রয়েছে। আপনার স্বাস্থ্য তথ্যের উপর বিধিনিষেধ আরোপের জন্য অনুরোধ করতে, অনুগ্রহ করে কেন্দ্র বা সত্তার স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা, ভর্তি বা নিবন্ধন বিভাগে লিখিতভাবে আপনার অনুরোধ জমা দিন। *সিস্টেম আপনার সীমিত করার অনুরোধের সাথে সম্মত হতে বাধ্য নয়।* তবে, যদি সম্মত হয়, তাহলে সিস্টেম আপনার অনুরোধ মেনে চলবে, যদি না আপনাকে জরুরি চিকিৎসা প্রদানের জন্য স্বাস্থ্য তথ্যের প্রয়োজন হয়।

বিকল্প যোগাযোগের অনুরোধ করার অধিকার। আপনার অনুরোধ জানানোর অধিকার আছে যাতে এই সিস্টেম আপনার সাথে চিকিৎসা সংক্রান্ত বিষয় বা আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য অন্য কোনও উপায়ে বা স্থানে যোগাযোগ করে। বিকল্প যোগাযোগ পদ্ধতির অনুরোধ করতে, অনুগ্রহ করে কেন্দ্র বা সত্তার স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা বিভাগে লিখিতভাবে আপনার অনুরোধ জমা দিন। আপনার অনুরোধে অবশ্যই উল্লেখ করতে হবে যে আপনি কিভাবে যোগাযোগ পেতে চান। এই সিস্টেম আপনার অনুরোধের কারণ জিজ্ঞাসা করবে না এবং সমস্ত যুক্তিসঙ্গত অনুরোধ মেনে নেবে।

লঙ্ঘনের ক্ষেত্রে নোটিশ পাওয়ার অধিকার। যখন আপনার স্বাস্থ্য তথ্য আইনত অনুমোদিত নয় এমনভাবে সংগ্রহ, অ্যাক্সেস, ব্যবহার বা প্রকাশ করা হয়েছে এবং যেখানে সিস্টেম নির্ধারণ করে যে আপনার স্বাস্থ্য তথ্য সম্ভাব্যভাবে আপোষ করা হয়েছে (যাকে "লঙ্ঘন" বলা হয়) তখন আপনার অবহিত হওয়ার অধিকার রয়েছে। যদি আপনার স্বাস্থ্য তথ্যের লঙ্ঘন ঘটে, তাহলে লঙ্ঘন সনাক্ত হওয়ার 60 দিনের মধ্যে আপনাকে লিখিতভাবে লঙ্ঘনের বিষয়ে অবহিত করা হবে।

এই NPP-এর একটি কাগজের কপি পাওয়ার অধিকার। আপনার যেকোনো সময় এই NPP-এর একটি কপি পাওয়ার অধিকার আছে। আপনি NYC Health + Hospitals-এর ওয়েবসাইট <https://www.nychealthandhospitals.org/> অথবা কেন্দ্র বা সত্তার স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা, ভর্তি বা নিবন্ধন বিভাগের সাথে যোগাযোগ করে এই NPP-এর একটি কপি পেতে পারেন।

অনুমোদন প্রত্যাহারের অধিকার। যদি আপনি সিস্টেমকে আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার বা প্রকাশ করার অনুমোদন দেন, তাহলে আপনি যেকোনো সময় লিখিতভাবে সেই অনুমোদন প্রত্যাহার করতে পারবেন। যদি আপনি আপনার অনুমোদন প্রত্যাহার করেন, তাহলে আপনার লিখিত অনুমোদনের আওতায় থাকা কারণগুলির জন্য সিস্টেম আর আপনার স্বাস্থ্য তথ্য ব্যবহার বা প্রকাশ করবে না। আপনার অনুমোদনক্রমে ইতিমধ্যে করা কোনও প্রকাশ প্রত্যাহার করতে সিস্টেম অক্ষম।

অভিযোগসমূহ। যদি আপনি মনে করেন যে আপনার গোপনীয়তার অধিকার লঙ্ঘিত হয়েছে, আপনার স্বাস্থ্য তথ্য (আপনার SUD চিকিৎসার তথ্য সহ) ভুলভাবে অ্যাক্সেস, ব্যবহার বা প্রকাশ করা হয়েছে, অথবা সিস্টেমের গোপনীয়তার অনুশীলন সম্পর্কে যদি আপনার উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে কর্পোরেট কমপ্লায়েন্স অফিসের কর্পোরেট গোপনীয়তা এবং নিরাপত্তা কর্মকর্তার সাথে CPO@nychhc.org ইমেইল ঠিকানায় অথবা বেনামে এবং গোপনে, সিস্টেমের টোল-ফ্রি কমপ্লায়েন্স হেল্পলাইন 1-866-HELP-HHC (1-866-435-7442) এর মাধ্যমে যোগাযোগ করুন। স্বাস্থ্য ও মানবসেবা বিভাগের সচিবের কাছে অভিযোগ দায়ের করার অধিকারও আপনার রয়েছে। *অভিযোগ দায়ের করার জন্য আপনাকে কোন জরিমানা করা হবে না।*

SUD চিকিৎসার তথ্য সংক্রান্ত অতিরিক্ত অধিকার:

আপনার SUD চিকিৎসার তথ্যের ক্ষেত্রে আপনার যেসব অধিকার আছে:

- চিকিৎসা, পেমেন্ট এবং স্বাস্থ্যসেবা কার্যক্রমের উদ্দেশ্যে পূর্ব সম্মতিতে প্রকাশ করা তথ্যের প্রকাশ সীমিত করার জন্য অনুরোধ করা।
- যেসব সেবার জন্য আপনি সম্পূর্ণ অর্থ পরিশোধ করেছেন, সেসব সেবার রেকর্ড আপনার হেলথ প্ল্যানের কাছে প্রকাশ করার ওপর সীমাবদ্ধতা আরোপের অনুরোধ করার এবং সেই সীমাবদ্ধতা পাওয়ার অধিকার আপনার আছে, যেভাবে সুরক্ষিত স্বাস্থ্য তথ্য প্রকাশের ক্ষেত্রে HIPAA প্রযোজ্য।
- গত 3 বছরের ইলেকট্রনিক রেকর্ড প্রকাশের তালিকা পাওয়ার অধিকার এবং সম্মতি নিয়ে করা অন্যান্য সমস্ত প্রকাশের জন্য HIPAA-এর প্রয়োজনীয়তা পূরণ করে এমন প্রকাশের তালিকা পাওয়ার অধিকার।
- গত 3 বছরে কোনো মধ্যস্থতাকারীর দ্বারা করা প্রকাশের তালিকা পাওয়ার অধিকার।